

### **রাষ্ট্রপতি চালিত শাসন ব্যবস্থা:**

যে সরকার শাসন বিভাগ ও আইন বিভাগের মধ্যে ক্ষমতার ভিত্তিতে গড়ে ওঠে তাকে রাষ্ট্রপতি চালিত শাসন ব্যবস্থা বলা হয়।

মার্কিন যুক্তরাষ্ট্র, ফিলিপিন্স, চিলি এর উদাহরণ।

### **বৈশিষ্ট্য :**

- ১) এই ব্যবস্থায় সরকারের রাষ্ট্রপ্রধান একাধারে আলংকারিক ও রাজনৈতিক প্রধান।
- ২) রাষ্ট্রপ্রধান আইনসভা কর্তৃক নির্বাচিত হন না।
- ৩) রাষ্ট্রপ্রধান ও আইনসভানির্দিষ্ট সময়ের জন্য নির্বাচিত হয়।
- ৪) এই ব্যবস্থায় মন্ত্রিসভা থাকে। কিন্তু মন্ত্রীরা রাষ্ট্রপ্রধানের সহকর্মী নন, অধস্তন কর্মচারী।
- ৫) এই ব্যবস্থায় ক্ষমতা পৃথকীকরণ দেখা যায়।।

### **রাষ্ট্রপতি চালিত সরকারের গুণ:**

- ১) এর প্রধান সুবিধা হলো এর স্থায়িত্ব।
- ২) এই ব্যবস্থায় একজনের হাতে ক্ষমতা কেন্দ্রীভূত হয় বলে তাড়াতাড়ি সিদ্ধান্ত গ্রহণ করা যায়।
- ৩) ক্ষমতা পৃথকীকরণ জনিত সুবিধা এই ব্যবস্থার বড়ো গুণ।
- ৪) দক্ষ ও অভিজ্ঞ ব্যক্তিকে শাসন কার্যে নিয়োগ করার সুবিধা আছে।

### **ত্রুটি :**

- ১) এই ব্যবস্থায় স্বৈরাচারী শাসকের উদ্ভব ঘটা স্বাভাবিক।
- ২) এই ব্যবস্থায় আইনবিভাগের সাথে সংঘাত দেখা দিতে পারে।
- ৩) এই ব্যবস্থায় শাসন ও আইন বিভাগের মধ্যে সমন্বয়ের অভাব দেখা দেয় বারবার।
- ৪) যেহেতু আইন ও শাসন বিভাগের মধ্যে সংঘাত দেখা দেয় তাই তার নিষ্পত্তির ভার বিচার বিভাগের উপর পড়ে। ফলে বিচার বিভাগ শক্তিশালী হয়।